# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## যুক্তিবিদ্যা দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ১ | ২ | ২ |

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট — সৃজনশীল প্রশ্ন — পূর্ণমান: ৭০

*[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে]*

**১.** ▶ দৃশ্যকল্প ১: চোখ হলো নয়ন

দৃশ্যকল্প ২: শিশুটির মুখটি চাঁদের মতো সুন্দর

দৃশ্যকল্প ৩: মানুষ হয় শ্বেতাঙ্গ বুদ্ধিবৃত্তিসম্পন্ন প্রাণী

ক. যৌক্তিক সংজ্ঞা কী? ১

খ. 'সততা' পদটির যৌক্তিক সংজ্ঞা দেওয়া কী সম্ভব? ২

গ. উদ্দীপকে দৃশ্যকল্প-১ এ কোন ধরনের অনুপপত্তি ঘটেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. দৃশ্যকল্প-২ এর দৃশ্যকল্প-৩ এ কোন প্রকৃতির অনুপপত্তি ঘটেছে? বিশ্লেষণ করো। ৪

**২.** ▶

ছক-১
জীব
→ শিক্ষিত
→ অশিক্ষিত

ছক-২
মানুষ
→ সভ্য মানুষ
→ অসভ্য মানুষ

ক. যৌক্তিক বিভাগ কী? ১

খ. ক্ষুদ্রতম উপজাতির যৌক্তিক বিভাগ সম্ভব নয় কেন? ২

গ. ছক-১ এ যৌক্তিক বিভাগের কোন ধরনের অনুপপত্তি ঘটেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. ছক-১ ও ছক-২ এর বিভাজন প্রক্রিয়া তোমার পঠিত বিষয়ের আলোকে ব্যাখ্যা করো। ৪

**৩.** ▶ যুক্তিবিদ্যার ক্লাশে শিক্ষক বললেন, সূর্যের একটি গ্রহ হিসেবে পৃথিবী যেমন সূর্যের আলোতে আলোকিত হয়, সূর্যকে প্রদিক্ষণ করে তেমনি মঙ্গল গ্রহও সূর্যের আলোতে আলোকিত হয়। পৃথিবীতে প্রাণের অস্তিত্ব থাকায় মঙ্গল গ্রহেও প্রাণের অস্তিত্ব আছে। শিক্ষকের কথা শুনে একজন ছাত্র বলল, আমাদের অভিজ্ঞতায় দেখা সব কাককে কালো দেখি। সুতরাং বলা যায় পৃথিবীর সব কাকই কালো।

https://teachingbd24.com

ক. প্রকৃত আরোহ কী? ১

খ. আরোহের শ্রেণিবিভাগ দেখাও। ২

গ. উদ্দীপকে শিক্ষকের বক্তব্যের যে আরোহ নির্দেশ করে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত শিক্ষক ও ছাত্রের বক্তব্যে ফুটে ওটা আরোহের পার্থক্য বিশ্লেষণ করো। ৪

**৪.▶** দৃষ্টান্ত-১: মানুষ ও উদ্ভিদের মধ্যে জন্ম, বৃদ্ধি, মৃত্যু, বংশবিস্তার, খাদ্যগ্রহণ ইত্যাদি বিষয়ে মিল আছে। মানুষের প্রাণ আছে। সুতরাং উদ্ভিদেরও প্রাণ আছে।

দৃষ্টান্ত-২: রাম ও রহিম দুই বন্ধু। তাদের মধ্যে গায়ের বর্ণ, উচ্চতা, দেহের গঠন, পোশাক-পরিচ্ছন্ন ইত্যাদি বিষয়ে মিল আছে। রাম মেধাবী। সুতরাং রহিমও মেধাবী।

ক. সাদৃশ্যমূলক অনুমান কী? ১

খ. সাদৃশ্যমূলক অনুমানে কীসের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করা হয়? ২

গ. দৃষ্টান্ত-১ দ্বারা কোন ধরনের প্রকৃত আরোহ অনুমানকে নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. দৃষ্টান্ত-১ ও দৃষ্টান্ত-২ দ্বারা প্রতিফলিত অনুমানের তুলনামূলক বিচার করো। ৪

**৫.▶** বিজ্ঞানীরা কোন ঘটনার কারণ অনুসন্ধান করতে গিয়ে একাধিক সম্ভাব্য কারণের সম্মুখীন হন। যেহেতু সম্ভাব্য কারণগুলোর মধ্যে মাত্র একটিই প্রকৃত কারণ হবে, তাই বিজ্ঞানীরা প্রাথমিক পর্যায়ে একটা সম্ভাব্য কারণকেই প্রকৃত কারণ বলে অনুমান করেন।

ক. প্রকল্প কাকে বলে? ১

খ. প্রতিবেদক অনুকল্পের সংজ্ঞা ও উদাহরণ দাও। ২

গ. উদ্দীপকে বর্ণিত বিজ্ঞানীদের অনুমান প্রক্রিয়াটি যুক্তিবিদ্যার যে বিষয়কে নির্দেশ করে তার স্তর সমূহের বিবরণ দাও। ৩

ঘ. উদ্দীপকে নির্দেশিত বিষয়ের প্রয়োজনীয়তা উল্লেখ করো। ৪

Teachingbd24.com

৬. ▶ ঘটনা-১: বাস দুর্ঘটনায় একমাত্র ছেলেকে হারিয়ে পলাশের মা এখন পাগল প্রায়। তিনি মাঝে মাঝেই প্রলাপ বকছেন। এটি দেখে তার বাসায় বেড়াতে আসা একজন বলে ফেললেন মহিলাকে ভূতে ধরেছে।

ঘটনা-২: মিনা প্রচন্ড জ্বরে কাতরাচ্ছে। শরীরে খুব তাপ দেখে মিনার মা তাকে আইসক্রীম খেতে দিয়ে বলল, এটা খেয়ে ফেললে জ্বর কমে যাবে।

ক. বাস্তব কারণ কী? ১

খ. আরোহ সমন্বয় বলতে কী বোঝায়? ২

গ. ঘটনা-১ এর প্রকল্পটির যথার্থতা বিচার করো। ৩

ঘ. ঘটনা-২ এ প্রকল্পের কোন শর্ত লঙ্ঘিত হলো সেটি ব্যাখ্যা করো। ৪

৭. ▶ ফরিদ সাহেব শহর থেকে নিজের গ্রামে ফিরে দেখেন ঘরের চালা, গাছের ডাল সব উড়ে গেছে, মাঠে ফসলেরও ব্যাপক ক্ষতি হয়েছে। তিনি ভাবলেন বিকালে হঠাৎ প্রচন্ড বেগে ঝড় হওয়ায় এ ক্ষতি হয়েছে। এমতাবস্থায় ডাঃ মাসুদ ভাবলেন চিকিৎসা দিলে বিপন্ন মানুষের স্বাস্থ্যগত দুর্ভোগ কমবে, চিকিৎসা না দিলে দুর্ভোগ বাড়বে।

ক. পরীক্ষণাত্মক পদ্ধতি কাকে বলে? ১

খ. কাকতালীয় অনুপপত্তি কখন ঘটে। ২

গ. গ্রামের ক্ষয়ক্ষতির কারণ আবিষ্কারে ফরিদ সাহেবের ভাবনায় কার্যকারণ সম্পর্ক প্রমাণের যে পদ্ধতির প্রতিফলন ঘটেছে সেটি ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের শেষাংশে মাসুদ সাহেবের ভাবনায় কার্যকারণ সম্পর্ক প্রমাণের যে পদ্ধতি প্রয়োগ হয়েছে সে পদ্ধতি অসুবিধা সমূহ লিখ। ৪

৮. ▶ নদীতে জোয়ার আসলে যে পানি বাড়ে, ভাটায় তা কমে যায়। নাতি তার দাদাকে জিজ্ঞাসা করে এই পানি কোথা থেকে আসে আবার কোথায় চলে যায়। উত্তরে দাদা বলেন, বিজ্ঞানীরা পরীক্ষা করে প্রমাণ করেছেন যে, চাঁদ ওঠার সময় চাঁদের আকর্ষণে সমুদ্রের পানি ফুলে যায়। ফলে জোয়ার হয়। অন্যসময় ভাটা থাকে।

ক. ব্যাখ্যা কী? ১

খ. লৌকিক ব্যাখ্যা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে দাদার ব্যাখ্যাটি করণের কোন পর্যায়ভুক্ত নিরূপন করো। ৩

Teachingbd24.com

ঘ. দাদার ব্যাখ্যাটি যে প্রকারের তার বিভিন্ন রূপ আলোচনা করো। ৪

৯.▶ মালেক একটি চিড়িয়াখানা কাজ করে। তার কাজ হলো বাঘ, সিংহের খাঁচা একদিকে রাখা এবং হরিণ, নীল গাইয়ের খাঁচা অন্যদিকে রাখা। কামাল একটি আয়ুর্বেদিক সেন্টারে কাজ করে। তার কাজ হলো নিম, চিরতা ও কালোমেঘ জাতীয় উদ্ভিদ সংরক্ষণ করা।

ক. শ্রেণিকরণ কী? ১

খ. শ্রেণিকরণের বৈশিষ্ট্যগুলো উল্লেখ করো। ২

গ. উদ্দীপকে কী কী শ্রেণিকরণের প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে মালেকের কর্মকাণ্ড এবং কামালের কর্মকাণ্ডে যদি কোন পার্থক্য থাকে তাহলে সেটি শ্রেণী করণের আলোকে বিশ্লেষণ করো। ৪

১০.▶ জামাল ও কামাল যশোরের বাসিন্দা। জামালের বক্তব্য- সে সপ্তাহে পাঁচদিন কলা ও পেঁপে খায়। আর কামালের বক্তব্য- সে সপ্তাহে চারদিন কলা ও পেঁপে খায়।

ক. সম্ভাবনা কী? ১

খ. আকস্মিকতা বলতে কী বোঝায়? ২

গ. জামালের বক্তব্যে সম্ভাব্যতার যে নিয়মের প্রতিফলন ঘটেছে সেটি ব্যাখ্যা করো। ৩

ঘ. যৌথভাবে জামাল ও কামালের কলা ও পেঁপে খাওয়ার ক্ষেত্রে সম্ভাবনার মাত্রা কীভাবে কলা ও পেঁপে খাওয়ার নিয়মের সাথে সম্পর্কিত? বিশ্লেষণ করো। ৪

১১.▶ তথ্য-১: ১টি গাড়ির যাত্রীসহ ওজন ৫০০ কেজি। যাত্রীর ওজন ২০০ কেজি। অতএব, গাড়ির ওজন ৩০০ কেজি।

তথ্য-২: বাজারে শীতের সবজির সরবরাহ কম, তাই দাম বেশি।

ক. 'অন্বয়' শব্দের অর্থ কী? ১

খ. ব্যতিরেকী পদ্ধতির একটি সুবিধা লিখ। ২

গ. তথ্য-১ এ কার্যকরণ সম্পর্ক নির্ণয়ের যে পদ্ধতির প্রতিফলন ঘটেছে তার ব্যাখ্যা দাও। ৩

ঘ. তথ্য-২ এ কার্যকরণ সম্পর্ক নির্ণয়ের যে পদ্ধতির প্রকাশ ঘটেছে তা মূল্যায়ন করো। ৪

Teachingbd24.com

# যুক্তিবিদ্যা দ্বিতীয় পত্র

বিষয় কোড | ১ | ২ | ২ |

সময় — ৩০ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান — ৩০

*বিশেষ দ্রষ্টব্য:—সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।*

১. সংজ্ঞা প্রদান করা হয়—
ⓚ বস্তুর ⓚ পদের
ⓖ ব্যক্তির ⓖ বিষয়ের

২. ★ 'মানুষ হয় বুদ্ধিবৃত্তি ও বিচার শক্তিসম্পন্ন জীব' বাক্যটিতে কী ধরনের সংজ্ঞায়িত অনুপপত্তি ঘটেছে?
ⓚ অব্যাপক সংজ্ঞা ⓚ চক্রক সংজ্ঞা
ⓖ বাহুল সংজ্ঞা ⓖ দুর্বোধ্য সংজ্ঞা

নিচের উদ্দীপকটি পড় এবং ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও:

কবির সাহেব তার ছেলের কাছে মানুষের জীবন নিয়ে আলোচনা করতে গিয়ে বলেন, মানুষের জীবন সুখ, দুঃখ, হাসি ও কান্না নিয়ে। ছেলে বাবার কাছে জিজ্ঞেস করল, সুখ কী? তখন বাবা ছেলেকে বললেন যে, সুখ হচ্ছে দুঃখের অনুপস্থিতি।

৩. উদ্দীপকে বাবার সর্বশেষ বক্তব্যে কোন ধরনের অনুপপত্তি ঘটেছে?
ⓚ নঞর্থক সংজ্ঞা ⓚ রূপক সংজ্ঞা
ⓖ অতিব্যাপক সংজ্ঞা ⓖ অব্যাপক সংজ্ঞা

৪. উদ্দীপকে উল্লেখিত অনুপপত্তি ঘটলে সংজ্ঞা-
i. ভ্রান্ত হবে ii. ত্রুটিপূর্ণ হবে
iii. বোধগম্য হবে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৫. ★ যৌক্তিক বিভাগে একই সময় কয়টি মূলনীতি প্রযোজ্য?
ⓚ ১টি ⓚ ২টি
ⓖ ৩টি ⓖ ৪টি

৬. যৌক্তিক বিভাগে বিভাজ্য জাতিটির ব্যক্ত্যর্থ এবং বিভক্ত উপজাতিগুলোর ব্যক্ত্যর্থ কেমন হবে?
ⓚ পরস্পর সমান ⓚ পরস্পর বিপরীত
ⓖ পরস্পর লম্ব ⓖ পরস্পর বক্র

৭. সাদৃশ্যানুমান কত প্রকার?
ⓚ দুই ⓚ তিন
ⓖ চার ⓖ পাঁচ

৮. ★ বাঘ ও বিড়াল দেখতে সমজাতীয় এবং বাঘের মতো বিড়ালের গোঁফ ও নখ আছে। বাঘ মানুষ খায়। অতএব বিড়ালও মানুষ খায়। এটি কোন আরোহের উদাহরণ?
ⓚ বৈজ্ঞানিক আরোহ
ⓚ অসাধু সাদৃশ্যমূলক অনুমান
ⓖ ঘটনা সংযোজন ⓖ অবৈজ্ঞানিক আরোহ

নিচের উদ্দীপকটি পড় এবং ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও:

| কার্যকারণ নিয়ম | প্রকৃতির নিয়ম | আরোহমূলক লম্ফ | = | ? |
|---|---|---|---|---|
| ক | খ | গ | | |

৯. উদ্দীপকে ক, খ ও গ একত্রিত করলে (?) চিহ্ন স্থানে নিচের কোনটি বসবে?
ⓚ ঘটনা সংযোজন ⓚ বৈজ্ঞানিক আরোহ
ⓖ পূর্ণাঙ্গ আরোহ ⓖ সাদৃশ্যমূলক অনুমান

১০. উদ্দীপকে ক, গ এবং ক, খ ও গ এর মিলিত রূপে কোন আরোহের সাদৃশ্য আছে?
ⓚ মাধ্যম অনুমান ⓚ অপ্রকৃত আরোহ
ⓖ অমাধ্যম অনুমান ⓖ প্রকৃত আরোহ

১১. ★ একটি প্রকল্প যদি একাধিক ঘটনা ব্যাখ্যা করতে পারে তবে, প্রকল্পের এই শক্তিকে কী বলে?
ⓚ বাস্তব কারণ ⓚ আরোহ সমন্বয়
ⓖ প্রতিবেদক অনুকল্প ⓖ বর্ণনামূলক প্রকল্প

১২. কোন ধরনের প্রকল্প কোনো ঘটনার সঠিক ব্যাখ্যা দিতে পারে না?
ⓚ বৈধ প্রকল্প ⓚ সুনির্দিষ্ট প্রকল্প
ⓖ অস্পস্ট প্রকল্প ⓖ আত্মসঙ্গতিপূর্ণ প্রকল্প

১৩. ★ আরিফা নিয়মিত শ্রেণিকক্ষে উপস্থিত থাকে ও পড়াশুনা করে, কিন্তু পরীক্ষায় সে অকৃতকার্য হয়েছে। বলা হলো পড়াশুনা করাই তার অকৃতকার্য হওয়ার কারণ। গৃহীত প্রকল্পটি একটি—
ⓚ বৈধ প্রকল্প ⓚ সাময়িক প্রকল্প
ⓖ বাস্তব প্রকল্প ⓖ স্ববিরোধী প্রকল্প

১৪. প্রকল্পের শেষ স্তর কোনটি?
ⓚ আনুমানিক ধারণা ⓚ ঘটনা নিরীক্ষণ
ⓖ যাচাইকরণ ⓖ সিদ্ধান্ত

১৫. জে.এস.মিল কার্যকারণ সম্পর্কে কয়টি পদ্ধতির কথা বলেন?
ⓚ চারটি ⓚ পাঁচটি
ⓖ ছয়টি ⓖ সাতটি

১৬. ★ ব্যতিরেকী পদ্ধতির ভ্রান্ত প্রয়োগের নিচের কোন অনুপপত্তি ঘটে?
ⓚ রূপক সংজ্ঞা অনুপপত্তি
ⓚ পূর্বগ অস্বীকৃতিমূলক অনুপপত্তি
ⓖ কাকতালীয় অনুপপত্তি
ⓖ অব্যাপ্য মধ্যপদজনিত অনুপপত্তি

Teachingbd24.com

**নিচের উদ্দীপকটি পড় এবং ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও:**
তামান্না ও ছাদিয়া প্রতিদিনের মতো কলেজে যাচ্ছে। কলেজের কাছে আসতেই তামান্না ছাদিয়াকে বললো, দেখ ছাত্রছাত্রীরা ছুটাছুটি করছে। সাদিয়া বললো, চল আমরা তাড়াতাড়ি বাড়ি যাই, মনে হয় মারামারি হচ্ছে।

**১৭. ছাত্রছাত্রীরা ছুটাছুটি করলে মারামারি হয়। ছাদিয়ার ধারণাটি যে ধরনের—**
i. অভিজ্ঞতাভিত্তিক ii. অনুমানভিত্তিক
iii. বুদ্ধিভিত্তিক
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii


**১৮. উদ্দীপকে যে তথ্যটি তুলে ধরা হয়েছে তা কোন মতবাদকে সমর্থন করে?**
ⓚ পরিবেশ পদ্ধতি ⓚ অন্বয়ী পদ্ধতি
ⓖ সহপরিবর্তন পদ্ধতি ⓖ ব্যতিরেকী পদ্ধতি

**১৯. ওলা বিবি ভর করে বলে মানুষ কলেরা রোগে আক্রান্ত হয়। এটি কোন ধরনের ব্যাখ্যা?**
ⓚ কার্যকারণ সংক্রান্ত ⓚ বৈজ্ঞানিক
ⓖ লৌকিক ⓖ অতিরঞ্জিত ব্যাখ্যা

**২০. একটি নৌকার গতি ব্যাখ্যা করার সময় নদীর স্রোত বাতাসের শক্তি ও দাঁড়ের ব্যবহার ইত্যাদি একসাথে কাজ করার বিষয় উল্লেখ করা হলো। এটি বৈজ্ঞানিক ব্যাখ্যার কোন রূপ?**
ⓚ বিশ্লেষণ ⓚ সংশ্লেষণ
ⓖ অন্তর্ভুক্তি ⓖ শৃঙ্খলযোজন

**২১. ★ ব্যাখ্যার প্রয়োজনীয়তা কোন ক্ষেত্রে অপরিসীম?**
ⓚ প্রকল্পের বৈধতা নিরূপণের ক্ষেত্রে
ⓚ যৌক্তিক জ্ঞান লাভের ক্ষেত্রে
ⓖ সুনির্দিষ্ট জ্ঞান লাভের ক্ষেত্রে
ⓖ দুর্বোধ্যতা দূরীকরণের ক্ষেত্রে

**২২. 'আহ্নিক ও বার্ষিক গতির ফলেই দিন ও রাত হয়' এ উক্তিটির মধ্য দিয়ে নিচের কোনটির প্রতিফলন ঘটেছে?**
ⓚ অনিরীক্ষণ অনুপপত্তি
ⓚ সহকার্যকে কারণ বলা জনিত অনুপপত্তি
ⓖ কাকতালীয় অনুপপত্তি
ⓖ দুরবর্তী শর্তকে কারণ বলা জনিত অনুপপত্তি

**২৩.**



**প্রশ্নচিহ্নিত স্থানটিতে নিচের কোনটি নির্দেশ করে?**
ⓚ দ্বিবীজপত্রী উদ্ভিদ ⓚ আবৃতবীজী উদ্ভিদ
ⓖ অপুস্পক উদ্ভিদ ⓖ একবীজপত্রী উদ্ভিদ

**২৪. ★ কোন শ্রেণিকরণকে বৈজ্ঞানিক শ্রেণিকরণ বলে?**
ⓚ প্রাকৃতিক শ্রেণিকরণ ⓚ মানসিক শ্রেণিকরণ
ⓖ কাল্পনিক শ্রেণিকরণ ⓖ লৌকিক শ্রেণিকরণ

**২৫. রহিম সাহেব তার পড়ার রুমের বইগুলো নামের প্রথম অক্ষর অনুযায়ী সাজিয়ে রাখে। এখানে সাজিয়ে রাখা পাঠ্যবইয়ের কোন শ্রেণিকরণকে নির্দেশ করেছে?**
ⓚ বৈজ্ঞানিক ⓚ প্রাকৃতিক
ⓖ কৃত্রিম ⓖ ক্রমিক

**২৬. সাদৃশ্যমূলক অনুমান কত প্রকার?**
ⓚ ২ ⓚ ৩
ⓖ ৪ ⓖ ৫

**২৭. ★ একটি মিশ্র কার্যের ব্যাখ্যায় নিচের কোনটি প্রয়োজন?**
ⓚ অন্তর্ভুক্তি ⓚ বিশ্লেষণ
ⓖ জনশ্রুতি ⓖ শৃঙ্খলা যোজন

**নিচের উদ্দীপক থেকে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও:**
সৌম্য এবং মনীষা দুই ভাইবোন একসঙ্গে লুডু খেলছিল। জয়ের জন্য মনীষার ৫ ওঠা প্রয়োজন।

**২৮. পরবর্তী চালে মনীষার ৫ ওঠার সম্ভাবনার সঠিক ভগ্নাংশ কোনটি?**
ⓚ $\frac{১}{৫}$ ⓚ $\frac{১}{৬}$
ⓖ $\frac{৫}{৬}$ ⓖ $\frac{১}{৩}$

**২৯. নিচের কোনটি অপ্রকৃত আরোহ?**
ⓚ বৈজ্ঞানিক ⓚ অবৈজ্ঞানিক
ⓖ সাদৃশ্যানুমান ⓖ যুক্তিসাম্যমূলক

**৩০. উদ্দীপকের পরবর্তী চালে ৫ ওঠার সম্ভাবনার বিষয়টির ক্ষেত্রে নিচের কোনটি সঠিক?**
ⓚ নিশ্চিতের চেয়ে কম, অনিশ্চিতের চেয়ে বেশি
ⓚ নিশ্চিতের চেয়ে বেশি, অনিশ্চিতের চেয়ে বেশি
ⓖ নিশ্চিতের চেয়ে কম, অনিশ্চিতের চেয়ে কম
ⓖ নিশ্চিতের চেয়ে বেশি, অনিশ্চিতের চেয়ে কম

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | গ | ৩ | ক | ৪ | ক | ৫ | ক | ৬ | ক | ৭ | ক | ৮ | খ | ৯ | খ | ১০ | ঘ | ১১ | খ | ১২ | গ | ১৩ | ঘ | ১৪ | গ | ১৫ | খ |
| ১৬ | গ | ১৭ | ঘ | ১৮ | খ | ১৯ | গ | ২০ | ক | ২১ | ঘ | ২২ | খ | ২৩ | গ | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | ক | ২৭ | খ | ২৮ | ঘ | ২৯ | ক | ৩০ | ক |

Teachingbd24.com
https://teachingbd24.com